

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠক

গতকাল ১৩ সেপ্টেম্বর বুধবার বিকাল-০৩.০০ ঘটিকায় সংসদ ভবনের পশ্চিম ফ্লকের দ্বিতীয় লেভেলে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ১৯তম বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন নূরুল মজিদ মাহমুদ হুমায়ন, এমপি। কমিটি সদস্য মোঃ শাহাব উদ্দিন, এমপি এবং মাহমুদ উস সামাদ চৌধুরী, এমপি বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে বিশেষ আমন্ত্রণে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নূরুল ইসলাম বিএসসি বৈঠকে যোগদান করেন।

বৈঠকে বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি, বোয়েসেল কর্তৃক জনশক্তি প্রেরণের মাধ্যমে অর্জিত অর্থ সংরক্ষণ ও ব্যবহারের ক্ষেত্রে প্রবাসী কল্যাণ ব্যাংকের ভূমিকা, রেমিটেস বৃদ্ধি এবং বিদেশে জনশক্তি প্রেরণের লক্ষ্যে দশ বা বিশ বছর মেয়াদী পরিকল্পনার অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে জানানো হয়, বাংলাদেশ থেকে বিশ্বের ১৬৫টি দেশে কর্মী প্রেরণ করা হচ্ছে। বিদেশে অধিকহারে কর্মী (দক্ষ,অল্লদক্ষ ও অদক্ষ) প্রেরণের লক্ষ্যে ৫০টি দেশে শ্রম বাজার যাচাই ও পর্যবেক্ষণপূর্বক বাংলাদেশি কর্মী প্রেরণের চাহিদা নিরপেক্ষে জন্য ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রবাসী কর্মীদের ভূভিত্তি মাধ্যমে টাকা পাঠানো বন্ধ করে বৈধ পথে রেমিটেস আনার জন্য প্রণোদনা দেয়া এবং বিএমইটি'র দ্বিতীয় পর্যায়ে ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (উপজেলা পর্যায়ে) স্থান নির্বাচন ও স্থাপনা নির্মাণের বিষয়ে মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

বিদেশে বিভিন্ন সেক্টরে অদক্ষ কর্মীর পরিবর্তে প্রশিক্ষিত ও দক্ষ কর্মী প্রেরণ এবং প্রবাসী কর্মীদের রেমিটেস প্রবাহ বৃদ্ধির জন্য উৎসাহ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়কে কমিটি সুপারিশ করে। সৌন্দি আরব থেকে যাতে বাংলাদেশি শ্রমিকদের ফেরত আসতে না হয় এবং যে কোন উপায়ে অভিবাসন ব্যয় কমানো ও যে কোন ট্রানজেকশন অনলাইনের মাধ্যমে করার বিষয়ে মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। বৈঠকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক, বিএমইটি'র মহাপরিচালক, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালকসহ মন্ত্রণালয় এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।